গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বহিরাগমন-৪ শাখা
www.moha.gov.bd



স্মারক নং: ৪৪.০০.০০০০.০০০.১৩৭.১১.০০০৪.২৬.২৫৪

তারিখ: ২৪ কার্তিক ১৪৩৩ / ০৯ নভেম্বর ২০২৬

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ২০.০৫.২০২৬ তারিখের ৮০.০০.০০০০.২০২.৬৪.০৩৩.২৩ (অংশ).৭২ নং স্মারকের সুপারিশ মোতাবেক নিম্নবর্ণিত ১২ (বারো) জন প্রার্থীকে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের "সহকারী পরিচালক" [৯ম গ্রেড] এর শূন্য পদের বিপরীতে জাতীয় বেতন স্কেল, ২০২৬ এর (টাকা ৪৪০০০-১০৫৯০০/-) বেতনক্রমে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো:

ক্র. নং	প্রার্থীর নাম	রেজিস্ট্রেশন নম্বর	নিজ জেলা
১.	মোঃ শাহআলম শেখ	11083578	মাদারীপুর
২.	রিফাত বিন কাদের অয়ন	11164844	গাজীপুর
৩.	মোঃ আরিফুল ইসলাম	11016738	পাবনা
৪.	অনামিকা হামিদ	12003901	বগুড়া
৫.	ফারজান মাহফিশান হোসেন	11097030	বাগেরহাট
৬.	মোঃ জাকিউল হক	11070472	ঠাকুরগাঁও
৭.	সৌরভ কুমার কুন্ডু	11056470	ঝিনাইদহ
৮.	স্বপ্না রানী রাজবংশী	11138305	ঠাকুরগাঁও
৯.	মোঃ তোফায়েল আহমেদ	11049355	সিরাজগঞ্জ
১০.	মোঃ অপু রায়হান	13012699	চট্টগ্রাম
১১.	এস, এম, ইয়াসিন অংকুর	11095014	মুন্সিগঞ্জ
১২.	শারমিন নাহার	11045342	ফরিদপুর

শর্তাবলী

(ক) বর্ণিত কর্মকর্তা যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছর শিক্ষানবিস হিসেবে থাকবেন। এ সময়ের মধ্যে আয়োজিত প্রশিক্ষণে তাঁকে অংশগ্রহণ করতে হবে এবং গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। শিক্ষানবিসকালে তিনি যদি চাকুরিতে বহাল রাখার অনুপযোগী বলে বিবেচিত হন তবে কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়া এবং সরকারী কর্ম কমিশনের সাথে পরামর্শ ব্যতিরেকেই তাঁকে চাকরি থেকে অপসারণ করতে পারবে;

(খ) প্রশিক্ষণ শুরুর পূর্বে একজন জামানতদারসহ ৩০০/- (তিন শত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিসকাল অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরি থেকে ইস্তফা দেন তবে প্রশিক্ষণকালে তাকে প্রদত্ত বেতন ও আনুতোষিক এবং তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ সরকারকে ফেরত দিতে বাধ্য থাকবেন;

(গ) সরকার কর্তৃক ইস্তফা গৃহীত হওয়ার পূর্বে যদি কর্তব্য কাজে অনুপস্থিত থাকেন তবে অনুচ্ছেদ-(খ) মোতাবেক তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ 'পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট', ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা করা হবে এবং 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা', ২০১৮ অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

CamScanner

(ঘ) বাংলাদেশ সরকারী কর্ম কমিশন প্রদত্ত মেধা তালিকা অনুসারে জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(ঙ) চাকরিতে থাকাকালে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর এর সকল বিধি বিধান তাঁর ক্ষেত্রে প্রযোজ্য হবে;

(চ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীত বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;

(ছ) চাকরিতে নিয়োজিত থাকাকালীন কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে অন্যত্র চাকরির জন্য আবেদন করা বা কোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়ন করা যাবে না;

(জ) প্রার্থী কর্তৃক দাখিলকৃত সনদ পরবর্তীতে যাচাই-বাছাইকালে মিথ্যা বা জাল প্রমাণিত হলে তাৎক্ষণিকভাবে তাঁর নিয়োগ বাতিল পূর্বক তার বিরুদ্ধে ফৌজদারি মামলা দায়ের করা হবে;

(ঝ) 'The Government Servants (Conduct) Rules', 1979 এর ১৩ (১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র যোগদানের সময় জমা দিতে হবে;

(ঞ) সুপারিশকৃত প্রার্থীদের যোগদানের জন্য কোন প্রকার ভ্রমণ ভাতা বা দৈনিক ভাতা প্রদান করা হবে না।

০২। উল্লিখিত শর্তাবলির আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে সুপারিশকৃত প্রার্থীদের নিয়োগ আদেশ জারীর ১০ কার্যদিবসের মধ্যে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর যোগদানের নির্দেশ প্রদান করা হলো। অন্যথায় এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

০৩। জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

০৯/১১/২০২৬

মোহাম্মদ আবুল কালাম
উপসচিব
ফোনঃ ০২-২২৩৩৫৭২৬৯
ই-মেইল: immigration4@moha.gov.bd

স্মারক নং: ৪৪.০০.০০০০.০০০.১৩৭.১১.০০০৪.২৬.২৫৪

তারিখ: ২৪ কার্তিক ১৪৩৩ / ০৯ নভেম্বর ২০২৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা
৩। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
৪। মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
৬। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
৭। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
৮। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৯। জনাব.....
১০। অতিরিক্ত সচিব (বহিরাগমন অনুবিভাগ)/যুগ্মসচিব (বহিরাগমন-১ অধিশাখা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা

০৯/১১/২০২৬

মোহাম্মদ আবুল কালাম
উপসচিব

CamScanner